গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)নিউ বেইলী রোড, ঢাকা
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০০৯.২১.১০৫৫

তারিখ: ১৬ চৈত্র ১৪২৮
৩০ মার্চ ২০২২

বিষয়: **চট্টগ্রাম জেলার সীতাকুন্ডু উপজেলাধীন সীতাকুন্ডু কামিল মাদ্রাসায় কর্মরত অফিস সহকারী কাম হিসাব সহকারী জনাব মো: নুরনবী (ইনডেক্স নং-০০১৪২৫১) এর এমপিও শিটে ব্যাংক হিসাব নম্বর সংযোজনের আবেদন যাচাই/তদন্তপূর্বক সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ প্রসঙ্গে।**

সূত্র: (১) জনাব মো: নুরনবী (ইনডেক্স নং-০০১৪২৫১) এর আবেদন, তারিখ ২১/১১/২০২১ খ্রি: মাশিঅর ডকেট নং-১৫৩৮৫ ;তারিখ: ২৪/১১/২১ খ্রি:
(২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সীতাকুন্ডু, চট্টগ্রাম এর স্মারক নং-৩৭.১০.১৫৮৬.০০০.০১.৩২৯.২১.১৯৯;তারিখ: ০৬.১২.২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার সীতাকুন্ডু উপজেলাধীন সীতাকুন্ডু কামিল মাদ্রাসায় কর্মরত অফিস সহকারী কাম হিসাব সহকারী জনাব মো: নুরনবী (ইনডেক্স নং-০০১৪২৫১) এর এমপিও শিটে ব্যাংক হিসাব নম্বর সংযোজনের আবেদন দাখিল করা হয়েছে। আবেদন পত্র অনুযায়ী প্রতিকার প্রার্থী জনাব মো: নুরনবী (ইনডেক্স নং-০০১৪২৫১) এর চাহিত ব্যাংক হিসাব নম্বর নিম্নরূপঃ

| ক্রমিক নং | নাম, ইনডেক্স, পদবী, বিষয় ও প্রতিষ্ঠনের ঠিকানা | এমপিও শীটে বিদ্যামান | আবেদনকারীর চাহিত |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: নুরনবী,<br>অফিস সহকারী কাম হিসাব সহকারী<br>(ইনডেক্স নং-০০১৪২৫১)<br>সীতাকুন্ডু কামিল মাদ্রাসা<br>সীতাকুন্ডু, চট্টগ্রাম | নেই | হিসাব নং-0100222769111<br>ব্যাংকের নাম-জনতা ব্যাংক লিমিটেড<br>শাখার নাম- সীতাকুন্ডু শাখা, চট্টগ্রাম |

আবেদনটি যাচাইপূর্বক সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য জনাব লুৎফর রহমান, সহকারী পরিচালক (অর্থ)-মাশিঅ, ড. মো: আবুল কালাম আজাদ, হিসাবরক্ষণ কর্মকর্তা-মাশিঅ এবং জনাব কামাল উদ্দিন আহমেদ, সিস্টেম এনালিষ্ট, মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে-কে যৌথভাবে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো। তদন্ত কার্যক্রমে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ/ডকুমেন্ট/বিষয়াদি যাচাই করবেন:

(০১) প্রতিকার প্রার্থীর নিজস্ব স্বাক্ষরযুক্ত আবেদন যথাযথ আছে কি-না যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০২) প্রতিষ্ঠান প্রধান/গভর্ণিং বডি/ম্যানেজিং কমিটি/স্থানীয় কর্তৃপক্ষের সুপারিশসহ অগ্রায়ণ করা হয়েছে কি-না যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৩) SSC/দাখিল/জন্ম তারিখ সম্বলিত মূল সনদসহ শিক্ষা জীবনের সকল সনদের নম্বর উল্লেখসহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৪) NID যথাযথ যাচাই করতে হবে এবং প্রতিবেদনে NID নম্বর ও ইস্যুর তারিখ উল্লেখ করতে হবে।

(০৫) প্রথম MPO শীটসহ জন্ম তারিখ সম্বলিত প্রথম ও সংশ্লিষ্ট MPO শীটসমূহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৬) প্রথম বেতন-বিলসহ নাম সম্বলিত প্রথম ও সংশ্লিষ্ট বেতন বিলসমূহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৭) চাকুরি জীবনে সকল প্রতিষ্ঠানে চাকুরী প্রাপ্তির আবেদন/সংশ্লিষ্ট সকল নিয়োগ পরীক্ষার ফলাফল শীট এবং অন্যান্য কাগজপত্রে নামের বিষয়টি যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৮) প্রথম চাকুরী কালীন সময়ে জনবল কাঠামো অনুযায়ী সংশ্লিষ্ট পদ/বিষয়/বেতন কোডে/বেতন স্কেলের প্রাপ্যতা এবং বর্তমানে দাবীকৃত পদ/বিষয়/কোডে/বেতন কোডে/বেতন স্কেলের প্রাপ্যতা যথাযথভাবে যাচাইপূর্বক মন্তব্য প্রাতবেদনে উল্লেখ করতে হবে।

(০৯) প্রথম চাকুরিতে যোগদানের পর এমপিও পাওয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর নাম সম্বলিত দাখিলকৃত আবেদনের মূল কপি যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১০) প্রয়োজনীয় ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক শাখার যথাযথ প্রত্যয়ন/প্রতিবেদন/ননড্রয়াল যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১১) ব্যাংক হিসাব নম্বর সংযোজনের ক্ষেত্রে বর্তমান এবং দাবীকৃত নাম বাংলা এবং ইংরেজিতে যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১২) সমস্যার কারণ কি এবং কবে থেকে উক্ত সমস্যা সৃষ্টি হয়েছে তা যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১৩) প্রয়োজনে প্রতিকার প্রার্থীর/সংশ্লিষ্টদের বক্তব্য গ্রহণ এবং প্রয়োজনীয় ডকুমেন্টস/তথ্যাদি গ্রহণ/যাচাইপূর্বক মতামত দিবেন।

(১৪) আবেদন মঞ্জুরের সুপারিশ করা হলে বকেয়া দাবি করবেন না মর্মে প্রতিকার প্রার্থীর অঙ্গীকারনামা যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে এবং যে সকল ডকুমেন্টস এর ভিত্তিতে আবেদন মঞ্জুরের সুপারিশ করা হবে সে সকল ডকুমেন্টসে তদন্তকারী কর্মকর্তার নামযুক্ত সীল স্বাক্ষরসহ থাকতে হবে।

(১৫) ব্যাংক হিসাব নম্বর সংযোজনের আবেদন মঞ্জুরের সুপারিশ করা হলে যৌক্তিকতা, কারণ ও ব্যাখ্যাসহ প্রতিবেদনে উল্লেখ করতে হবে। আবেদন নামঞ্জুর হলেও কারণ উল্লেখ করতে হবে। তদন্তকারী কর্মকর্তা এতদসংক্রান্ত যাবতীয় আইন, বিধি, নীতিমালা, পরিপত্র এবং নির্দেশনাবলী যাচাই-বাছাইপূর্বক মতামত প্রদান করবেন।

০২. উল্লিখিত প্রক্রিয়া অনুসরণ করে ব্যাংক হিসাব নম্বর সংযোজনের জন্য দাখিলকৃত আবেদন আগামী ০৭ (সাত) দিনের মধ্যে যাচাইপূর্বক প্রমাণকসহ সুনির্দিষ্ট মতামত/সুপারিশ প্রদানপূর্বক (মুল কপি ফেরত সহ) প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৭ ফর্দ।

৩০-৩-২০২২
মো: বাদশা মিয়া
পরিদর্শক (সহযোগী অধ্যাপক)
ফোন: ০২-৪১০৩০৮৯৬
ইমেইল: badshaprog3@gmail.com

বিতরণ :

১) জনাব মো: লুৎফর রহমান, সহকারী পরিচালক (অর্থ),
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২) ড. মো: আবুল কালাম আজাদ, হিসাব রক্ষণ কর্মকর্তা,
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৩) জনাব কামাল উদ্দিন আহমেদ, সিস্টেম এনালিষ্ট,
মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০০৯.২১.১০৫৫/১(৫)

তারিখ: ১৬ চৈত্র ১৪২৮ / ৩০ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সীতাকুন্ডু, চট্রগ্রাম ।

৩) সভাপতি/অধ্যক্ষ, সীতাকুন্ডু কামিল মাদ্রাসা, সীতাকুন্ডু, চট্রগ্রাম ।

৪) জনাব মো: নুরনবী, অফিস সহকারী কাম হিসাব সহকারী (ইনডেক্স নং-০০১৪২৫১)সীতাকুন্ডু কামিল মাদ্রাসা, সীতাকুন্ডু, চট্রগ্রাম।

৫) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর।

৩০-৩-২০২২
মো: বাদশা মিয়া
পরিদর্শক (সহযোগী অধ্যাপক)